রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রাঙ্গামাটি-৪৫০০

ফোন: ০১৭০৪-৩৮৩৬৪২, ইমেইল: contact@rmstu.edu.bd, ওয়েব: www.rmstu.edu.bd

স্মারক নং: রাবিপ্রবি/এস্টেট অফিস/বা:কর্ম:চু:সং: (ফাইল-২)/২০২০/ ৪৭

তারিখ : ০৩-১২-২০২০খ্রি.

বিষয়: ২০২০-২০২১ অর্থ বছরের নভেম্বর/২০২০ খ্রি. এর মাসিক আলোচনা সভার কার্যবিবরণী।

১। ক) সভাপতি : অঞ্জন কুমার চাকমা, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
খ) স্থান : সভা কক্ষ, অস্থায়ী প্রধান কার্যালয়, রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
গ) তারিখ ও সময় : ২৯-১১-২০২০ খ্রি: সকাল ২.৩০ ঘটিকা

২। সভার উপস্থিতি তালিকা : সংযুক্ত।

৩। সভার শুরুতে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব সেতু চাকমা, সহকারী রেজিস্ট্রার (এস্টেট) সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন পূর্বক ২০২০-২১ অর্থ বছরের অক্টোবর-ডিসেম্বর মাসের দ্বিতীয় কোয়ার্টারের অর্জন সম্পর্কে উপস্থিত সদস্যদের অবগত করেন। সভাপতি মহোদয় ২য় কোয়ার্টারে বিশ্ববিদ্যালয়ের লক্ষ্যমাত্রা থাকা কর্মসম্পাদন সূচক অর্জনের জন্য সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/শাখা যথাযথ উদ্যোগ গ্রহণের জোর আরোপের জন্য আহবান করেন। বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

ক্র: নং	কর্মসম্পাদন সূচক	বাস্তবায়নকারী	মন্তব্য	সিদ্ধান্ত
৩.১	গবেষণার জন্য বিশ্ববিদ্যালয় থেকে প্রদত্ত অনুদান	জনসংযোগ শাখা	অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা জনাব এ এম শাহেদ আনোয়ার জানান গবেযনার জন্য বিশ্ববিদ্যালয় থেকে ৬ জন শিক্ষক মহোদয়কে অনুদান প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।	
৩.২	ক্রয়কৃত বই	লাইব্রেরী শাখা	সদস্য এবং TEC ও TOC কমিটির আহবায়ক জনাব আবদুল গফুর লাইব্রেরী শাখার জন্য বই ক্রয়ের উদ্দেশে OTM টেন্ডার আহবান করা হয় বলে তিনি জানান। কিন্তু বই সরবরাহের জন্য কোভিড সময়ে দীর্ঘ সময়ের প্রয়োজন হওয়ায় উক্ত টেন্ডারটি বাতিল করে RFQ পদ্ধতিতে বই ক্রয় করা হবে বলে TEC ও TOC কমিটির আহবায়ক জানান।	
৩.৩	প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু ম্যুরাল/ভাস্কর্য	এস্টেট শাখা	সদস্য ও এস্টেট শাখার সহকারী রেজিস্ট্রার জনাব সেতু চাকমা জানান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালের কাজ ১৩-১০-২০২০ খ্রি. তারিখে সমাপ্ত হয়। উক্ত ম্যুরালে শুভ উদ্বোধন আগামী ০৯-১২-২০২০ খ্রি. তারিখে হবে বলে সদস্য জনাব মো: কামরুল হাসান কমিটির সদস্যদের অবগত করেন।	
৩.৪	আয়োজিত বঙ্গবন্ধুর জীবন ও কর্ম নিয়ে আলোচনা সভা	প্রশাসন শাখা	সদস্য এবং সহকারী রেজিস্ট্রার জনাব কামরুল হাসান বঙ্গবন্ধুর জীবন ও কর্ম নিয়ে আলোচনা সভা আয়োজনের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে বলে সভায় অবহিত করেন। উক্ত কমিটি মহান বিজয় দিবসে আলোচনা সভা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে।	
৩.৫	স্থাপিত/আধুনিকায়নকৃত কম্পিউটার ল্যাব	আইটি শাখা	সদস্য ও সহকারী কম্পিউটার প্রোগ্রামার জনাব এ এম শাহেদ আনোয়ার জানান কম্পিউটার ল্যাবটি তবলছড়ি হতে স্থায়ী কাম্প্যাসে আধুনিকায়ন করে স্থানান্তরিত করা হয়েছে।	
৩.৬	ক্রয়ক্রত ল্যাব যন্ত্রপাতি	প্রশাসন শাখা ও সংশ্লিষ্ট একাডেমিক বিভাগ সমূহ	বিশ্ববিদ্যালয়ের একাডেমিক বিভাগ সমূহের চাহিদা পাওয়া গিয়েছে। কিন্তু বিশ্ববিদ্যালয়ে বাজেটে অর্থ সংস্থান না থাকায় কাজটি প্রক্রিয়াধীন রয়েছে।	যত দ্রুত সম্ভব কাজটি অর্থ ও হিসাব বিভাগের সাথে সমন্বয় সাধন করে কাজটি সম্পন্ন করার উদ্যোগ গ্রহন করবেন।
৩.৭	আয়োজিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা	হিসাব শাখা	বাজেট তৈরীর পূর্বে প্রতিটি দপ্তর/ শাখা/ বিভাগ চাহিদার জন্য পত্র প্রেরণ করা এবং সভা আয়োজন যথাযথ উদ্যোগ গ্রহণ করবেন বলে উপস্থিত সদস্যরা মতামত ব্যক্ত করেন।	অর্থ ও হিসাব বিভাগ উদ্যোগ গ্রহন করবেন।
৩.৮	আয়োজিত প্রশিক্ষণ (আভ্যন্তরীণ)	প্রশাসন শাখা	বিশ্ববিদ্যালয়ের ট্রেনিং ক্যালেন্ডার প্রক্রিয়াধীন অবস্থায় আছে বলে প্রশাসন শাখা মন্তব্য প্রদান করেন। এছাড়াও তিনি আরো বলেন, বর্তমানে অনেক কর্মকর্তা কর্মচারী ৪০ জনঘন্টা প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।	বাকী কর্মকর্তা কর্মচারীর ৪০ জনঘন্টা প্রশিক্ষণের বিষয়ে যথাযথ উদ্যোগ গ্রহণ করবেন।
৩.৯	অনুমোদিত নতুন পদসমূহ	সংস্থাপন শাখা	চুক্তি অনুসারে বিভাগ, দপ্তর ও শাখাসমূহে ২০ জন নতুন পদে জনবল নিয়োগের ব্যাপারে সংস্থাপন শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং চাহিদা পাঠানোর পরে বিমকের সাথে অনুমোদনের জন্য সময় সময়ে যোগাযোগ করবেন।	সংস্থাপন শাখা জনবল চাহিদার বিষয়ে রাবিপ্রবি-র সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/শাখার সাথে সমন্বয় সাধন করে অতিদ্রুত উদ্যোগ গ্রহন করবেন।
৩.১০	নিয়োগকৃত জনবল	সংস্থাপন শাখা	২০১৯-২০ অর্থ বছরে জনবল কাঠামো নিয়োগের কাজ প্রক্রিয়াধীন রয়েছে বলে সভাপতি মহোদয় জানান।	অর্থ বছর অনুসারে অনুমোদিত জনবল সংস্থাপন শাখা হতে নিয়োগের যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

ক্র: নং	কর্মসম্পাদন সূচক	বাস্তবায়নকারী	মন্তব্য	সিদ্ধান্ত
৩.১১	অনুমোদিত নতুন বিভাগ	সংস্থাপন শাখা	সংস্থাপন শাখা কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নতুন বিভাগ খোলার বিষয়ে উদ্যোগ গ্রহন করে থাকে।	নতুন বিভাগ খোলার বিষয়ে কর্তৃপক্ষের সাথে আলোচনা প্রেক্ষিতে সংস্থাপন শাখা দ্রুত পদক্ষেপ গ্রহন করবেন।
৩.১২	স্থাপিত হ্যান্ড স্যানিটাইজার ব্যবস্থাপনা (আবাসিক হল/ক্লাস রুম/ প্রশাসনিক ও আবাসিক ভবনসমূহ ইত্যাদি)	প্রশাসন শাখা ও প্রকৌশল শাখা	বর্তমানে কোভিড ১৯ এর ওয়েব চলমান রয়েছে এবং রাঙ্গামাটি সদরে কোভিড রোগী বৃদ্ধি পাচ্ছে। সেই ধারাবাহিকতায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র হল, স্থায়ী ক্যাম্পাসে প্রবেশ মুখ, লাইব্রেরীসহ নতুন ৩টি হাত ধোয়ার ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন বলে মতামত ব্যক্ত করেন।	প্রশাসন শাখা ও প্রকৌশল শাখা এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করবেন।
৩.১৩	নির্মিত গেস্ট হাউজ	পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ ও প্রকৌশল শাখা	সদস্য এবং TEC ও TOC কমিটির আহবায়ক জনাব আবদুল গফুর গেস্ট হাউজের জন্য বিমক কর্তৃক ১০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয় বলে জানান। বরাদ্দকৃত অর্থের সাথে সামঞ্জস্য রেখে জনাব নিকেতন চাকমা, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), ড্রয়িং ও প্রাক্কলন তৈরি করে পরিকল্পনা ও উন্নয়ন বিভাগে জমা দিয়েছেন বলে জনাব আবদুল গফুর, সহকারী পরিচালক (প. ও উ.) জানান।	সরকারি বিধি মোতাবেক উক্ত কাজটি সম্পন্ন করার জন্য পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ অতিদ্রুত ব্যবস্থা গ্রহণ করবেন।
৩.১৪	[এম.২.৩.১] প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ আয়োজিত	প্রশাসন শাখা	বিশ্ববিদ্যালয়ের ট্রেনিং ক্যালেন্ডার প্রক্রিয়াধীন অবস্থায় আছে বলে প্রশাসন শাখা মন্তব্য প্রদান করেন। এছাড়াও তিনি আরো বলেন, বর্তমানে অনেক কর্মকর্তা কর্মচারী ৪০ জনঘন্টা প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।	বাকী কর্মকর্তা কর্মচারীর ৪০ জনঘন্টা প্রশিক্ষণের বিষয়ে যথাযথ উদ্যোগ গ্রহণ করবেন।
৩.১৫	[এম.২.৩.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ।	প্রশাসন শাখা ও ফোকাল পয়েন্ট, এপিএ	বিশ্ববিদ্যালয়ের ট্রেনিং ক্যালেন্ডার এর সাথে এপিএ বিষয়ে প্রশিক্ষণ সম্পর্কিত আছে বলে এপিএ ফোকাল পয়েন্ট মন্তব্য প্রদান করেন।	এপিএ ফোকাল পয়েন্ট জনাব সেতু চাকমা ও প্রশাসন শাখার সাথে সমন্বয় সাধন করে যথাযথ উদ্যোগ গ্রহণ করবেন।

৪। আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে আরেকবার ধন্যবাদ জ্ঞাপন করেন ও সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৩/১২/২০২০

অঞ্জন কুমার চাকমা
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ও
আহবায়ক, এপিএ টীম।

স্মারক নং: রাবিপ্রবি/এস্টেট অফিস/বা:কর্ম:চু:সং: (ফাইল-২)/২০২০/৬৭(১২)

তারিখ : ০৩-১২-২০২০খ্রি.

বিতরণ (অবগতি ও কার্যার্থে): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় :-

১. চেয়ারম্যান, ম্যানেজমেন্ট বিভাগ, রাবিপ্রবি।
২. চেয়ারম্যান, সিএসই বিভাগ, রাবিপ্রবি।
৩. চেয়ারম্যান, ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স বিভাগ, রাবিপ্রবি।
৪. চেয়ারম্যান (ইনচার্জ), ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, রাবিপ্রবি।
৫. উপ-পরিচালক (হিসাব), রাবিপ্রবি।
৬. সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), রাবিপ্রবি।
৭. সহকারী রেজিস্ট্রার (সংস্থাপন), রাবিপ্রবি।
৮. সহকারী রেজিস্ট্রার (প্রশাসন), রাবিপ্রবি।
৯. পিএস টু ভিসি (মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), রাবিপ্রবি।
১০. সহকারী কম্পিউটার প্রোগ্রামার, আইটি শাখা, রাবিপ্রবি।
১১. উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), প্রকৌশল শাখা, রাবিপ্রবি।
১২. অফিস নথি।

০৩/১২/২০২০

সেতু চাকমা
সহকারী রেজিস্ট্রার (এস্টেট শাখা)
ও
সদস্য সচিব, এপিএ টীম।